

## শাহজালালে রমজান উপলক্ষ্যে বিশেষ নির্দেশনা

- A Monitor Desk Report

Date: 02 March, 2025



ঢাকাঃ ইফতার ও সেহরিতে সেবা চালিয়ে যেতে নির্দেশনা জারি করেছে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ। বিমানবন্দরের নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন কামরুল ইসলাম এ নির্দেশনা জারি করেন।

শনিবার (১ মার্চ) জারিকৃত এ নির্দেশনায় ইফতার ও সেহরির সময় যাত্রীদের যাতে কোনও সমস্যা না হয়, সে জন্য বিমানবন্দরে কর্মরত সব সংস্থাকে অনুরোধ জানানো হয়েছে।

বিমানবন্দরের নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন কামরুল ইসলাম সংবাদমাধ্যমকে এই তথ্য নিশ্চিত করেছেন।

নির্দেশনায় বলা হয়েছে, ইফতার ও সেহরির সময় কোনও সেবা বন্ধ করা যাবে না। ডিউটি রোস্টার অনুযায়ী বহির্গমনের সব গেট খোলা রাখতে হবে। বিশেষ করে ইফতার-সেহরির সময় বিমানবন্দরের অভ্যন্তরীণ সব এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন থাকবে। ইফতার ও সেহরির কারণে যাত্রীদের লাগেজ পেতে যেন দেরি না হয় সেটিও নিশ্চিত করতে হবে।

এতে আরও বলা হয়, বিমানবন্দরের বহিরাঙ্গনে আসা গাড়ির সঠিক ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ, হকার না আসা, নিরাপত্তাসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেবে এয়ারপোর্ট আর্মড পুলিশ। আগমনী ও বহির্গমন যাত্রীরা যেন নির্বিঘ্নে ইমিগ্রেশন শেষ করতে পারেন সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবে ইমিগ্রেশন পুলিশ। আগমনী যাত্রীরা যাতে তাদের লাগেজ স্ক্যানিং করে দ্রুত বের হতে পারেন সে জন্য ব্যবস্থা নেবে বিমানবন্দর কাস্টমস কর্তৃপক্ষ। এছাড়াও বিমানবন্দরের অভ্যন্তরে নানা বিষয়ে নিরাপত্তার ব্যবস্থা নেবে পরিচালক এভসেক।

-B